# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১০৭৭

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৩. তৃতীয় অনুচ্ছেদ - জামা‘আত ও তার ফযীলত সম্পর্কে

### আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «مَنْ سَمِعَ النِّدَاءَ فَلَمْ يُجِبْهُ فَلَا صَلَاةَ لَهُ إِلَّا مِنْ عُذْرٍ» . رَوَاهُ الدَّارَقُطْنِيّ

### বাংলা

১০৭৭-[২৬] ইবনু ’আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে লোক আযানের শব্দ শুনল অথচ এর জবাব দিলো না তাহলে তার সালাত (সালাত/নামায/নামাজ) হলো না। তবে কোন ওযর থাকলে ভিন্ন কথা। (দারাকুত্বনী)[1]

### ফুটনোট

[1] সহীহ : ইবনু মাজাহ্ ৭৯৩, সহীহ আত্ তারগীব ৪২১, দারাকুত্বনী ১৫৫৫।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: (فَلَمْ يُجِبْهُ) ‘‘সে ডাকে সাড়া দিলো না’’। অর্থাৎ মসজিদে উপস্থিত হলো না। (فَلَا صَلَاةَ لَه) ‘‘তার সালাত নেই’’। অর্থাৎ তার ঐ সালাত আদায় হলো না যদিও সে অন্যত্র ঐ সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করে থাকে। এ হাদীসের প্রকাশমান অর্থ হলো, যে মসজিদে আযান হয়েছে সেখানে জামা‘আতে সালাত আদায় করা সালাত বিশুদ্ধ হওয়ার জন্য শর্ত। যদি আযান শ্রবণকারী ঐ জামা‘আত ত্যাগ করে তাহলে তার সালাত বাতিল। কিন্তু জমহূর ‘আলিমগণ ভিন্ন মত পোষণ করেন। তাই তারা এর ব্যাখ্যায় বলেনঃ তার সালাত পূর্ণ হলো না। অর্থাৎ পূর্ণ সাওয়াব পেলো না অথবা এ সালাতে তার সাওয়াব অর্জিত হলো না যদিও সালাত পরিত্যাগ করার অপরাধ থেকে রেহাই পেল।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55637

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন